

## এবার 'ও' এবং 'এ' লেভেল পরীক্ষায় অংশ নিচ্ছে ১৪ হাজার পরীক্ষার্থী

নিজস্ব প্রতিবেদক >

সারা বিশ্বের ন্যায় বাংলাদেশেও গত মে মাস থেকে শুরু হয়েছে ইংরেজি মাধ্যমের 'ও' এবং 'এ' লেভেল পরীক্ষা। ব্রিটিশ কাউন্সিলের অধীনে এডভেন্সেল ও কামব্রিজ কারিকুলামে এই পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। এবার বাংলাদেশ থেকে ১৪ হাজার পরীক্ষার্থী অংশগ্রহণ করছে। গত ফেব্রুয়ারিতে হরতাল-অবরোধের কারণে কয়েকটি পরীক্ষা বাতিল করা হয়েছিল। তারাও এবার পরীক্ষা দিচ্ছে।

ব্রিটিশ কাউন্সিল সূত্র জানায়, বাংলাদেশের সাতটি কেন্দ্রে এবার পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। এই পরীক্ষা বিশ্বে একই দিনে একই সময়ে অনুষ্ঠিত হয়। বসুন্ধরা কনভেনশন সেন্টারই সবচেয়ে বড় কেন্দ্র। এখানে প্রায় তিন হাজার পরীক্ষার্থী অংশ নিচ্ছে।

রাজধানীর বসুন্ধরা আবাসিক এলাকার বসুন্ধরা কনভেন সেন্টার-২তে দীর্ঘদিন ধরেই অনুষ্ঠিত হচ্ছে ইংরেজি মাধ্যমের 'ও' এবং 'এ' লেভেল পরীক্ষা। এবার থেকে ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি, বসুন্ধরায়ও অনুষ্ঠিত হচ্ছে এই পরীক্ষা। গতকাল বিকেলে এই কেন্দ্রের সামনে গিয়ে দেখা যায়, ছাউনির নিচে বসে আছেন অভিভাবকরা। এই কেন্দ্রে পরীক্ষা দিতে পেরে শিক্ষার্থী-অভিভাবকরাও বেশ খুশি।

জুলিয়া ইয়াসমীন নামের এক অভিভাবক বলেন, 'আমার মেয়ে 'এ' লেভেল পরীক্ষা দিচ্ছে। ও বলেছে কনভেনশন সেন্টারের পরিবেশ খুব ভালো। আর আমরাও বাইরে বসতে পাচ্ছি। গাড়ি রাখারও ব্যবস্থা আছে। সব মিলিয়ে এখানে পরীক্ষা দিতে আমার মেয়ের ভালোই লাগছে।'

অপর অভিভাবক আলতাফ হোসেন বলেন, 'পরীক্ষার সময় কেন্দ্রের ভেতরের ও বাইরের পরিবেশ দুটোই জরুরি। আমরা বসুন্ধরা কনভেনশন সেন্টারে সেই দুটোই পাচ্ছি। গাড়ি পার্কিংয়ের জন্য এখানে যথেষ্ট জায়গা রয়েছে। আর ৩৩০ ফিট রাস্তা হওয়ায় আগের মতো যোগাযোগ আরো উন্নত হয়েছে। অভিভাবকদের জন্যও পর্যাপ্ত বসার জায়গা আছে।'